অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/15/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো NYCHA হাউজিং ডেভেলপমেন্টে প্রথম পাঁচটি কমিউনিটি টিকাকরণ কিট মোতায়েনের ঘোষণা করেছেন

ঐতিহ্যবাহী স্বাস্থ্য পরিষেবা প্রতিষ্ঠান দ্বারা বঞ্চিত সম্প্রদায়ে টীকা বিতরণের জন্য গভর্নরের নির্দেশিকাকে অগ্রসর করে

সাইটগুলি কঠোরভাবে যোগ্য NYCHA বাসিন্দাদের জন্য সীমাবদ্ধ; 1-833-SOMOSNY কল করে একটি অ্যাপয়েন্টমেন্ট নিন

রাজ্য নিউ ইয়র্কবাসীদের অ্যাপয়েন্টমেন্ট করার সময় ধৈর্য ধরতে বলছেন; 7 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসী বর্তমানে যোগ্য কিন্তু স্টেট কেবল ফেডারেল সরকারের থেকে 300K/সপ্তাহ পায়

ছবির জন্য এখানে ক্লিক করুন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক সিটি জুড়ে নিউ ইয়র্ক সিটি হাউজিং অথোরিটি (New York City Housing Authority, NYCHA) আবাসনে উন্নয়নে প্রথম পাঁচটি কমিউনিটি টিকাকরণ কিট মোতায়েন করা হয়েছে। এই সাইটগুলো নিউ ইয়র্ক স্টেটের ঐতিহ্যবাহী স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান দ্বারা সুবিধা বঞ্চিত সম্প্রদায়ের মধ্যে COVID-19 টীকা বিতরণের প্রচেষ্টাকে শক্তিশালী করে। সাইটগুলো কঠোরভাবে যোগ্য NYCHA বাসিন্দাদের মধ্যে সীমাবদ্ধ। বাসিন্দারা 1-833-SOMOSNY কল করে রাষ্ট্রের সহযোগী সংস্থা সোমোসের সাথে যোগাযোগ করে অ্যাপয়েন্টমেন্ট করতে পারেন।

নিউ ইয়র্কবাসীদের টিকা পাওয়ার অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার সময় ধৈর্য ধরতে অনুরোধ করা হচ্ছে। রাজ্যের টিকা সরবরাহ ফেডারাল সরকার নির্ধারন করে, এবং যদিও 7 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসী এখন COVID টিকার জন্য যোগ্য, রাজ্য ফেডারেল সরকারের কাছ থেকে প্রতি সপ্তাহে মাত্র 300,000 ডোজ পায়। ফেডারেল সরকারের সীমিত বরাদ্দের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়েছে। অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য অনুগ্রহ করে আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করুন।

"আমাদের একটি অগ্রাধিকার আছে এবং একটিই অগ্রাধিকার আছে - হাতে ইঞ্জেকশন নেওয়া - এবং যখন আমরা টিকাকরণ সাইটের নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য আমাদের কাজ চালিয়ে যাচ্ছি,

এটা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে টিকা ন্যায্য এবং ন্যায়সঙ্গতভাবে বিতরণ করা হয়," **গভর্নর কুওমো বলেন।** "ঐতিহ্যবাহী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান দ্বারা যারা বঞ্চিত সেই সব নিউ ইয়র্কবাসীদের বা যারা স্বাস্থ্যসেবা মরুভূমিতে বাস করেন তাদের কাছে এই টিকা পৌঁছনো একটি সর্বোচ্চ অগ্রাধিকার, এবং NYCHA আবাসনের এই সাইটগুলো আমাদের সেই লক্ষ্যের আরও এক ধাপ কাছে নিয়ে আসে। নিউ ইয়র্ক দ্রুত এবং ন্যায্যভাবে এই টিকা বিতরণে তার ভূমিকা পালন করছে, কিন্তু আমাদের প্রয়োজন ফেডারেল সরকারের এগিয়ে আসা এবং সরবরাহ বাড়ানো। আমরা অনেক দূর এসেছি এবং অবশেষে সুড়ঙ্গের শেষে আলো দেখতে পাচ্ছি, এই সময়ে কেবল একটি মন্থর গতির ফেডারেল বন্টন প্রক্রিয়া আমাদের পথের বাঁধা হয়ে দাঁড়িয়েছে।"

অ্যাপয়েন্টমেন্ট সহ যোগ্য NYCHA বাসিন্দাদের জন্য পাঁচটি সাইট নিচের ঠিকানাগুলিতে অবস্থিত:

- **Bronx**
  - West Tremont Avenue-Sedgwick Avenue Area, 200 West Tremont Ave., Bronx, NY 10453
- **Brooklyn**
  - Stuyvesant Gardens II, 150 Malcolm X Blvd. Brooklyn, NY 11221
- **পূর্ব হারলেম**
  - 307 East 116 St., New York, NY 10029
- **Queens**
  - International Tower 90-20 170 St., Queens, NY 11432
- **Staten Island**
  - 230 Broad St., Staten Island, NY 10304

SOMOS কমিউনিটি কেয়ারের (SOMOS Community Care) প্রেসিডেন্ট ড. হেনরি চেন বলেন, "আমরা এই মহামারীর প্রথম দিন থেকে কাজ করেছি বঞ্চিত নিউ ইয়র্কবাসীদের জন্য ন্যায্য এবং সাংস্কৃতিকভাবে প্রতিক্রিয়াশীল পরিচর্যা নিয়ে আসার জন্য, এবং আমরা কাজ চালিয়ে যাব যতক্ষণ না সবাইকে টিকা দেওয়া হয় - এর মানে হচ্ছে অপরিহার্য কর্মী এবং ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীরা, যারা এখানে করসি হাউজে বাস করে। ধন্যবাদ, সেক্রেটারি রোসাডো এবং গভর্নর কুওমো, আমাদের মত কমিউনিটি চিকিৎসকদের উপর ভরসা করার জন্য যাতে কৃষ্ণাঙ্গ মানুষরা - বিশেষ করে ঝুঁকিপূর্ণ এবং বয়স্করা - সুযোগ থেকে বঞ্চিত না হন তা নিশ্চিত করার জন্য। এই মহামারীর মোকাবেলা এবং টিকাকরণ প্রক্রিয়া জুড়ে বিশ্বাসের উপর ভিত্তি করে বঞ্চিত সম্প্রদায়ের সাথে সম্পর্ক গড়ে তুলতে শহর এবং SOMOS-এর মতো সংস্থার মধ্যে অব্যাহত সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা এখানে আছি যতদিন আপনার এবং করসি হাউস এবং এই রকম স্থানের বাসিন্দাদের আমাদের প্রয়োজন।"

SOMOS কমিউনিটি কেয়ারের চেয়ারম্যান ড. রামন তালাজ বলেন, "শুরু থেকে, SOMOS প্রতিদিন এই বিশ্বাসের প্রতি অঙ্গীকারবদ্ধ থেকেছে যে একটি সম্প্রদায় তার নিজস্ব পারিবারিক ডাক্তারদের দ্বারাই সব চেয়ে ভালো চিকিৎসা প্রাপ্ত হয়- যে সব ডাক্তাররা রোগীদের ভাষা, সংস্কৃতি এবং অভিজ্ঞতা প্রতিফলিত করেন এবং রোগীদের গুণগত মানের প্রতিরোধমূলক পরিচর্যা এবং চিকিৎসার জন্য রোগীদের ফিরিয়ে আনতে পারেন যখন তাদের তার প্রয়োজন হয়, তাদের বিশ্বাস অর্জন করে এবং সম্পর্ক গড়ে তোলার মাধ্যমে। আমাদের জাতির সব চেয়ে বড় সমবেতকরণ প্রচেষ্টার সময় এই অপরিহার্যতা অনেক বেশি - আমাদের জনগণকে টিকা দেওয়া এবং পরিশেষে মহামারীর অবসান ঘটানো যা আমাদের প্রিয়জনদের কেড়ে নিয়েছে এবং অসমানুপাতিকভাবে নিম্ন আয়ের, অভিবাসী, কৃষ্ণাঙ্গ সম্প্রদায়কে বিপর্যস্ত করেছে। আমি সেক্রেটারি রোসাডো এবং গভর্নর কুওমোর কাছে কৃতজ্ঞ আমাদের শহর এবং এর সকল বাসিন্দাদের রক্ষার জন্য যৌথ প্রচেষ্টায় সহযোগিতা করার জন্য, বিশেষ করে NYCHA-তে, যেখানে অনেক ঝুঁকিপূর্ণ অপরিহার্য কর্মী এবং বয়স্ক নিউ ইয়র্কবাসী বাস করেন। এখানে এবং সর্বত্র, আমরা যা সব চেয়ে ভালোভাবে করি তা চালিয়ে যেতে এবং পরিচর্যার একটি মান প্রদান করতে প্রস্তুত যা সুস্বাস্থ্য এবং কার্যকর চিকিৎসার মতই স্বাচ্ছন্দ এবং আস্থা প্রদান করে।"

নিউ ইয়র্ক বিশেষভাবে নিম্নবিত্ত সম্প্রদায়ের মধ্যে এবং স্বাস্থ্য পরিষেবার মরুভূমিগুলিতে ব্যাপকভাবে টিকা দেওয়ার সুবিধার জন্য সংস্থান বলবত থাকা নিশ্চিত করার জন্য বিভিন্ন বিশেষ প্রচেষ্টা নিয়ে অগ্রসর হওয়া অব্যাহত রেখেছে। রাজ্য কমিউনিটি টিকাকরণ কিট নির্মাণ অব্যাহত রেখেছে এবং এই প্রচেষ্টাকে সহায়তা এবং যথাযথ স্থানে কিট মোতায়েন করার জন্য সরকারি আবাসন কর্মকর্তা, গির্জা ও কমিউনিটি সেন্টারের সাথে কাজ শুরু করেছে। প্রতিটি কিট ধাপে ধাপে নির্দেশনা অন্তর্ভুক্ত করে কিভাবে একটি সাইট স্থাপন করতে হয় এবং গুরুত্বপূর্ণ সরবরাহ এবং সরঞ্জাম পেতে হয় তা সম্পর্কে, যেমন:

- অফিস সরবরাহ
- ওয়ার্কস্টেশন সরঞ্জাম
- যোগাযোগ সরঞ্জাম
- পরিষ্কারকরণ সরবরাহ
- আলোকসজ্জা সরঞ্জাম
- PPE
- জনতা/ট্রাফিক নিয়ন্ত্রণ সরঞ্জাম
- শিশি
- সিরিঞ্জ
- রুম ডিভাইডার
- গোপনীয়তা পর্দা

এই সাইটগুলোর খোলা গভর্নর কুওমোর COVID-19 টিকার ন্যায্য ও ন্যায্য বিতরণের লক্ষ্যকে অগ্রসর করে। 2020 সালের শেষ দিকে গভর্নর ঘোষণা করেন যে নিউ ইয়র্ক সেক্রেটারি অব স্টেট রোজানা রোজাডো, অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস, ন্যাশনাল আরবান লিগের প্রেসিডেন্ট এবং

প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক মোরিয়াল এবং হেলথফার্স্ট প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট ওয়াং এর সভাপতিত্বে ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স (Vaccine Equity Task Force) চালু করেছে। প্রতিষ্ঠা হওয়ার শুরু থেকেই, টাস্ক ফোর্সটি অসহায় এবং অনগ্রসর সম্প্রদায়গুলো টিকাকরণ থেকে বঞ্চিত না হওয়া নিশ্চিত করতে টিকাকরণের বাধাগুলো ভেঙ্গে ফেলে এবং রাজ্য জুড়ে এই টিকার ন্যায্য বন্টন নিশ্চিত করতে কাজ করে চলেছে।

অগ্রাধিকারযুক্ত স্বাস্থ্য সেবা কর্মীদের টিকাদানের হার আরো ত্বরান্বিত করতে এবং নতুন যোগ্য নিউ ইয়র্কবাসীদের টিকাদান কার্যক্রম শুরু করার জন্য রাজ্যের প্রচেষ্টার অংশ হল এই মোতায়েন। নিউ ইয়র্ক বিতরণ সাইটগুলির একটি নেটওয়ার্ক স্থাপন করেছে যা হাসপাতালে করা কাজের পরিপূরক হবে যাতে কোন একটি হাসপাতাল অতিরিক্ত চাপে না পরে। এই নতুন নেটওয়ার্ক যোগ্য নিউ ইয়র্কবাসীদের হাতে ডোজ প্রবেশ করাতে ডাক্তারদের অফিস, ফেডারেল-যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্য কেন্দ্র, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, অ্যাম্বুলেন্স সেন্টার ও ফার্মেসী ব্যবহার করবে। 1,200 এরও বেশি ফার্মেসী ইতোমধ্যে এই নেটওয়ার্কে অংশগ্রহণ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে, এবং এই সপ্তাহে প্রায় 400 জনের মতো ফার্মেসীতে যোগ দেওয়ার জন্য নির্ধারিত। 65 বছর বা তার বেশী বয়সী নিউ ইয়র্কবাসীদের জন্য ফার্মেসিগুলিকে টিকা প্রদান করা হবে, অন্যদিকে হাসপাতালগুলো 1a স্বাস্থ্যসেবা কর্মীদের টিকা দিতে থাকবে এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং ইউনিয়ন সংগঠিত প্রচেষ্টাগুলি 1b-তে অপরিহার্য কর্মীদের সেবা প্রদান করবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন